শিশু বাচিক শিল্পী মাহির মুগ্ধতা ছড়ানো আবৃত্তি

শুদ্ধ উচ্চারণ, অসাধারণ বাচনভঙ্গি আর অনবৈদ্য আবৃত্তি। শিশু বাচিক শিল্পী মাবিহা রহমান মাহির আবৃত্তির প্রশংসা এখন মুখে মুখে।

জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের তৃতীয় শ্রেনীর ছাত্রী মাহি এখন মেহেরপুর জেলার বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে আবৃত্তি করে দর্শক শ্রোতাদের মুগ্ধ করে চলেছে।

গত বৃহস্পতিবার মেহেরপুর প্রতিদিনের পঞ্চম বর্ষে পদার্পনের আয়োজনে আবৃত্তি করেছে পরপর দুটি কবিতা।

মাহির আবৃত্তিতে মুগ্ধতা ছড়ানোর পাশাপাশি অনবদ্য পরিবেশনায় কবিতা প্রেমীরা যেমন মুগ্ধ হয়েছেন, ঠিক তেমনি আস্বাদন করেছেন কাব্যসাহিত্যের রস।

তাঁর অনবদ্য আবৃত্তি উপস্থিত মননশীল শ্রোতাদের হৃদয়ে চিরস্থায়ী হয়ে থাকবে। বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে তার দেশাত্মবোধের কবিতা আবৃত্তিতে হলভর্তি দর্শক শুধু ছন্দের দোলায়ই আচ্ছাদিত হয়না, দর্শকরা হয়েছেন আনন্দিত ও উচ্ছ্বসিত।

সাধারণ মানুষের কাছে আবৃত্তিকে হৃদয়গ্রাহী করে তোলার দায়ীত্ব এখন ছোট বাচিক শিল্পী মাহি’র। শিশু মাহি এখন আবৃত্তিতে পুরোপুরি পেশাদারী হয়ে না উঠলেও তার আবৃত্তি আগামীতে পেশাদারিত্বের ছাঁয়া ফেলবে বলে ধারণা করেছেন বোদ্ধা মহল।

মাহি ইতোমধ্যে জেলা শিশু একাডেমি, মেহেরপুর জেলা প্রশাসন, মেহেরপুর আয়োজিত বিভিন্ন জাতীয় প্রোগ্রাম, বিশ্ব সাহিত্য কেন্দ্রের ভ্রাম্যমান লাইব্রেরী নির্ধারিত বিভিন্ন প্রোগ্রামে বাচিক শিল্পী হিসেবে আবৃত্তি করে প্রথম, দ্বিতীয় পুরস্কারে ভূষিত হয়েছে।

শিশু বাচিক শিল্পী মাবিহা রহমান মাহির পিতা মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক হাফিজুর রহমানের মেয়ে।

[redacted]

[redacted]

আলমডাঙ্গায় গাঁজা সেবনের অপরাধে যুবকের দেড় বছরের জেল

আলমডাঙ্গার ডাউকি গ্রামে মাদক সেবনের অপরাধে উজ্জল হোসেন (২২) নামের এক যুবককে দেড় বছরের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

শনিবার বিকেল ৩ টার দিকে ডাউকি গ্রামে উপস্থিত হয়ে উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর এ আদেশ দেন।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার ডাউকি গ্রামের আশরাফুল হকের ছেলে উজ্জল হোসেন। সে দীর্ঘদিন যাবৎ গাঁজা সেবন করে আসছিলো।

এ নেশাযুক্ত দ্রব্য সেবনের কারণে প্রতিবেশিদের বিভিন্ন ধরণের উত্তেজোনা সৃষ্টি করে আসছিলো। এছাড়াও কেউ তাকে গাঁজা সেবনে নিষেধ করলে তাকে মারপিট করতো বলে এলাকাবাসী অভিযোগ করতো।

উজ্জলের গাঁজা সেবন ও উৎশৃঙ্খলা আচরণের জন্য থানা পুলিশকে অবগত করে এলাকাবাসী। শনিবার সকালে গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানা পুলিশ উজ্জলের বাড়িতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় উজ্জলের নিকট থেকে ৫ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ। বিষয়টি আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসারকে জানানো হলে দ্রুত ঘটনাস্থলে পৌছায় কর্মকর্তা।

উজ্জলের বাড়িতে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে তাকে দেড় বছরের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন।

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]: [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [

হরিণাকুণ্ডুতে কৃষকলীগের ত্রী- বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

কৃষক বাচাঁও দেশ বাচাঁও এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে জেলা পরিষদ অডিটোরিয়ামে শনিবার সকাল সাড়ে এগারটায় কৃষকলীগের ত্রী-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা কৃষক লীগের সম্মেলন প্রস্তুত কমিটির সভাপতি আব্দুল্লাহ আল বাকী শিলু বিশ্বাস এর সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জাতীয় সংসদের ২ আসনের এমপি মোঃ তাহজীব আলম সিদ্দিকী (সমি)।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপদেষ্টা সদস্য,ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশীদ, বাংলাদেশ কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক অধ্যাপক নাজমুল ইসলাম পানু, বাংলাদেশ কৃষক লীগের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক হালিমা রহমান, বাংলাদেশ কৃষক লীগের বেসরকারি সংস্থা বিষয়ক সম্পাদক অ্যাড. মিরুল ইসলাম, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক নুরুল ইসলাম বাদশা, কেন্দ্রীয় কৃষক লীগের সদস্য মাহফুজা সুলতানা রুবি, ঝিনাইদহ জেলা কৃষক লীগের সভাপতি সাজেদুল ইসলাম সোম, শৈলকূপা উপজেলা কৃষক লীগের সভাপতি জাহিদুন্নবী কালু, ঝিনাইদহ জেলা কৃষক লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক এম.এস উজ্জ্বল, জেলা কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক বি.এম রাজীব হাসান রাজু, হরিনাকুন্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি সাজেদুল ইসলাম (টানু মল্লিক), উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যাক্ষ শরিফুল ইসলাম, ইউপি চেয়ারম্যান কামাল হোসেন,শরাফত দৌলা ঝন্টু, নাজমুল হুদা তুষার,এডভোকেট বজলুল রহমান, বসির উদ্দীন, জাহিদুল ইসলাম বাবু, মনজুর রাশেদ।

প্রধান অতিথির বক্তব্যে তাহ্জীব আলম সিদ্দিকী (সমি) এমপি বলেন,আমি আওয়ামী লীগ করি। আমি বঙ্গবন্ধুর দল করি, শেখ হাসিনার দল

করি। আমি কোনো ভাই-লীগ করিনা। বর্তমানে বঙ্গবন্ধুর আত্মা ও তার কন্যা জননেত্রী শেখ হাসিনার আত্মা বিক্রয় করা হচ্ছে, আমি জীবিত থাকতে কাউকে আত্মা বিক্রি করতে দেবনা ইনশাল্লাহ।

বর্তমান সরকারের কৃষিখাতে বহুবিধ উন্নয়নের চিত্র তুলে ধরে বলেন, সার কেনার জন্য এখন আর লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে হয় না।সারের জন্য এখন আর কৃষককে মরতে হয় না। সরকার কৃষিখাতে ভর্তুকি প্রদান করছে, বিভিন্ন ধরনের কৃষি যন্ত্রপাতি দিচ্ছে।

সম্মেলনের প্রথম অধিবেশনে উপজেলার পৌরসভা সহ ৮টি ইউনিয়নের কৃষক লীগের নেতৃবৃন্দ ও ডেলিগেটগণ অংশ নেন।
সম্মেলনের দ্বিতীয় অধিবেশনে কেন্দ্রীয় কৃষকলীগের সিনিয়ার সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা শরিফ আশরাফ আলীর সভাপতিত্বে এবং কেন্দ্রীয় কৃষকলীগের সাগঠনিক সম্পাদক অধ্যাপক নাকমূল ইসলাম পানুর সঞ্চালনায় কাউন্সিলরদের অংশ গ্রহণে সন্মেলন প্রস্তুত কমিটির আহবায়ক আব্দুল্লাহ আল বাকী শিলু বিশ্বাসকে সভাপতি ও জসিম উদ্দীন টিপুকে সাধারণ সম্পাদক করে ৭১ সদস্য বিশিষ্ট উপজেলা কৃষকলীগের পূর্ণাঙ্গ কমিটি ঘোষনা করা হয়।

ঝিনাইদহে যাত্রাপালা ‘একটি পয়সা’ মঞ্চায়িত

ঝিনাইদহে দীর্ঘদিন পর মঞ্চায়িত হলো যাত্রাপালা ‘একটি পয়সা’। শুক্রবার রাতে অংকুর নাট্য একাডেমীর আয়োজনে জেলা শিল্পকলা একাডেমী মঞ্চে পরিবেশিত হয় এই সামাজিক যাত্রাপালাটি। এতে অভিনয় করেন অংকুরের ২৫ জন যাত্রাশিল্পী। ভৈরব গঙ্গোপাধ্যায় রচনায় সাইফুল ইসলামের নিদের্শনায় এ নাটকে ফুটিয়ে তোলা হয় গ্রামীণ বাংলার নানা চরিত্র। প্রেম-ভালোবাসা, বিরহ, অভাব আর সমাজের উচু মানুষের নানা সৌখিনতা আর বিলাসিতা। স্বদেশপ্রেম, অসাম্প্রদায়িকতা ও মানবিকতা বোধের নানা দিক উঠে আসে চরিত্রগুলোতে। ৩ ঘন্টা ব্যাপী চলা এই যাত্রাপালা উপভোগ করে নানা শ্রেণী পেশার মানুষ।

সমাপনী দিনের আলোচনা সভায় উৎসব উদযাপন কমিটির আহ্বায়ক জয়নাল আবেদীন’র সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু। অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস এর পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সিও সংস্থার নির্বাহী পরিচালক সামসুল আলম, নাট্যজন অনন্ত হিরা। আলোচনা সভা শেষে যাত্রাশিল্পী অতুল কুমার, তবলা বাদক রঞ্জন কুমার ভৌমিক ও ক্রীড়া সংগঠক জয়নাল আবেদীনবে গুণিজন সম্মাননা প্রদাণ করা হয়।
ঝিনাইদহের অংকুর নাট্য একাডেমীর প্রতিষ্ঠার রজতজয়ন্তী উপলক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমী ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের সহযোগিতায় গত ২৯ মার্চ শিল্পকলা একাডেমীতে ৪ দিন ব্যাপী সাংস্কৃতিক ও নাট্য উসব শুরু হয়।

দর্শনায় নিজ অর্থায়নে মসজিদ নির্মাণ করলেন এমপি টগর

দর্শনা-মুজিবনগর মহাসড়ক সংলগ্ন, দর্শনা রেলবাজারস্থ পৌর আ.লীগের কার্যালয়ের সামনে নিজ অর্থায়নে ২য় তলা ভবনের শিতাতপ নিয়ন্ত্রিত জামে মসজিদ নির্মাণ করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ, হাজী আলী আজগার টগর।

শুক্রবার পবিত্র জুম্মার নামাজের মধ্যদিয়ে মসজিদের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষনাকালে হাজী আলী আজগার টগর বলেন, আমার অনেক দিনের আশা ছিলো দর্শনায় একটা মসজিদ করবো। সেই আশা ও আমার স্বপ্ন পূরন হলো।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর, দামুড়হুদা উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলাম, কেরুজ শ্রমিক-কর্মচারি ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান, সাবেক সভাপতি তৈয়ব আলী, আ.লীগ নেতা হাজি জাহিদুল ইসলাম, আলী আহমদ সোনা, বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, বিল্লাল হোসেন, আব্দুস সালাম ভুট্টো, যুবলীগ নেতা আ. হান্নান ছোট, আ.

মান্নান খান, শেখ আসলাম আলী তোতা, ছাত্রলীগ নেতা আরিফ মল্লিক, রফিকুল ইসলাম ববি, নাহিদ পারভেজ প্রমুখ।

দোয়া পরিচালনা করেন পুরাতন বাজার জামে মসজিদের পেশ ইমাম হাজি মাও নুরুল ইসলাম। প্রথম জুম্মার নামাজ পড়ান মসজিদের ইমাম হাফেজ মাওঃ জুবায়ের।

দর্শনায় প্রবীনদের সাংস্কৃতি, ক্রিড়া প্রতিযোগীতার পুরস্কার বিতরণ

দর্শনা মেমনগর স্কুলে প্রবীনদের সাংস্কৃতি, ক্রিড়া প্রতিযোগীতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকালে মেমনগর স্কুল মাঠে অনুষ্ঠিত ক্রিড়া ও সাংস্কৃতি প্রতিযোগীতায় অংশ নেয় অর্ধশত প্রবীন ব্যাক্তি।

পরে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে অতিথি ছিলেন, আ.লীগ নেতা মোমিনুল ইসলাম, মোশাররফ হোসেন, হাতেম মন্ডল, সোলায়মান কবীর, ফয়সাল, আ. রহমান, আলফাজ উদ্দিন প্রমুখ।

গাংনীতে অসহায় মানব কল্যাণ সংস্থার মতবিনিময় সভা

মেহেরপুরের গাংনীর অসহায় মানব কল্যাণ সংস্থাকে সাংগঠনিকভাবে সুসংগঠিত করার লক্ষ্যে আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার দুপুরে গাংনী কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে এ আলোচনা সভা

অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিশিষ্ট সমাজসেবক ও সংগঠনের সভাপতি হাজি মহাসিন আলীর সভাপতিত্বে বিশিষ্ট ব্যবসায়ী আলফাজ উদ্দীন, ইটভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, বাশবাড়িয়া টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ স্বপন, তেরাইল-জোরপুকুরিয়া কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাসুম উল হক মিন্টু, ধানখোলা বিএম কলেজের অধ্যক্ষ মাহফুজুর রহমান শিলন, বিশিষ্ট ব্যবসায়ী ইয়াসিন আলী, গাংনী ইমাম জাতীয় ইমাম সমিতির সভাপতি মাওলানা রুহুল আমিনসহ বিভিন্ন সংগঠনের বিভিন্ন পযার্য়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনী হাসপাতাল বাজার কমিটির বার্ষিক বনভোজন ও পরিচিতি সভা অনুষ্ঠিত

বার্ষিক বনভোজন ও পরিচিতি সভা করেছে মেহেরপুরের গাংনী হাসপাতাল বাজার কমিটি। শুক্রবার বাদ জুম্মা গাংনী উপজেলা ক্যাম্পাস আমবাগানে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি ছিলেন গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী।

গাংনী হাসপাতাল বাজার কমিটির সভাপতি আসাদুজ্জামান বাবুর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের সদস্য মজিরুল ইসলাম, গাংনী সোনালী ব্যাংকের ম্যানেজার আবুল হাসেম বাবু, পৌরসভার ২ নং ওয়ার্ড কাউন্সিলর মিজানুর রহমান, পৌরসভা কর্মকর্তা-কর্মচারী এসোসিয়েশনের কেন্দ্রীয় কমিটির নেতা জামিরুল ইসলাম টিক্কা, সাবেক কলেজ ছাত্রলীগের সভাপতি মাহমুদ হাচিব।

অনুষ্ঠানে বক্তারা বাজার কমিটির সম্মানীত সদস্যবৃন্দকে সঠিকভাবে দায়িত্ব পালনের জন্য আহবান করেন। পরে কমিটির সদস্যদের নাম ঘোষণা ও পরিচিতি তুলে ধরেন কমিটির সাধারণ সম্পাদক হাফিজুর রহমান।

অনুষ্ঠানে বাজার কমিটির সদস্য ছাড়াও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ও সাংবাদিকগন উপস্থিত ছিলেন